**Bhavan's Tripura Vidyamandir**
**1st Periodic Assessment : (2025-2026)**

**Class:- 7** | **Subject: Bengali**
**Time:- 2 Hours** | **Total : 50 Marks**
Name of the student : | Roll : Sec:

---

১) নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বাছাই করে লেখো — ১X৪=৪

রাত যখন তিনটে, তখন ফিরল তাঁবুতে। ফুটফুটে জ্যোৎস্নায় সারা মাঠ আলো হয়ে উঠেছে। আফ্রিকার এই অংশে পাখি খুব একটা দেখা যায় না। দিন মানে, এক ধরনের রাত্রিচর পাখির ডাক শুনতে পাওয়া যায় রাতে — সেই সুর ভীষণ মিষ্টি। এই মাত্র সেই পাখি কোন গাছের মাথায় বহুদূরে ডেকে উঠল। মনটা এক মুহূর্তের জন্য উদাস করে দেয়। শংকর ঘুমোতে গেল না। আর সবাই তাঁবুর মধ্যে শুতে গেল। কারণ পরিশ্রম কারো কম হয়নি। তাঁবুর সামনে কাঠকুটো জ্বালিয়ে প্রকাণ্ড অগ্নিকুণ্ড করা গেল। শংকর সাহস করে বাইরে বসতে পারল না। এরকম দুঃসাহসের কোনো অর্থ হয় না। তবে সে নিজের খড়ের ঘরে শুয়ে জানালা দিয়ে বিস্তৃত জ্যোৎস্নালোকিত অজানা প্রান্তরের দিকে চেয়ে রইল।

ক) তারা কখন তাঁবুতে ফিরল?
i) রাত দুটোয় ii) রাত তিনটেয় iii) রাত বারোটায় iv) রাত একটায়

খ) কীভাবে অগ্নিকুণ্ড করা হল?
i) কাঠকুটো জ্বালিয়ে ii) বাঁশ দিয়ে iii) দেশলাই দিয়ে iv) ঘুটে পুড়িয়ে

গ) আফ্রিকার এই অংশ কী খুব একটা দেখা যায় না?
i) পাখি ii) ময়ূর iii) চিতাবাঘ iv) হরিণ

ঘ) 'সাহস' শব্দের বিপরীত অর্থ লেখো।
i) যোদ্ধা ii) ভয় iii) বীর iv) বাহাদুরি

২) নীচের সংক্ষিপ্ত প্রশ্নগুলির উত্তর দাও ৩X২=৬

ক) পাদুকা সৃষ্টির উদ্দেশ্য কীভাবে ব্যর্থ হতো?

খ) জামায় পকেট না থাকায় লেখক কেনো দুঃখ বোধ করতেন?

৩) নীচের রচনাধর্মী প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো একটি) ৫X১=৫

ক) 'তখনকার জীবনযাত্রা এখনকার চেয়ে অনেকবেশি সাদাসিধা ছিল।' — 'তখনকার' বলতে কোন সময়ের কথা বলা হয়েছে? 'এখনকার' বলতেই বা কোনো সময়কে বোঝানো হচ্ছে? দুই কালের জীবনযাত্রার পার্থক্য নির্ণয় করো।

খ) 'সেই বটগাছের তলাটা আমার সমস্ত মনকে অধিকার করিয়া লইত।'— কোন বটগাছটির কথা বলা হয়েছে? লেখক কোথা থেকে সেটা দেখতেন? কীভাবে বট গাছের তলা লেখকের মনকে অধিকার করত? এখন বটগাছটার কী অবস্থা হয়েছে?

৪) নীচের সংক্ষিপ্ত প্রশ্নগুলির উত্তর দাও ৩X২=৬

ক) বক্তা রাজা হওয়ার ঘটা কীভাবে ঘটাবেন?

খ) পাগল মেয়ের জ্বালায় কেনো কিছু পরিচ্ছন্ন নেই?

৫) নীচের রচনাধর্মী প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো একটি) ৫X১=৫

ক) 'পাগলি হাসে আপন মনে পাগলি কাঁদে হায়।' — এখানে পাগলি কাকে বলা হয়েছে? তার হাসি কীরকম? তার কান্না কীরকম? এই দুটি বিপরীত শব্দ ব্যবহার করা হয়েছে কেন?

খ) 'হঠাৎ যদি' কবিতার মধ্য দিয়ে বক্তা কী কী করতে চান?

৬) নীচের অতি সংক্ষিপ্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বাছাই করে লিখো ১X৪=৪

ক) বক্তা কী হতে চান?

i) পুলিশ ii) রাজা iii) সেনাপতি iv) ধার্মিক

খ) হাওয়াকে কীভাবে চলতে বলা হয়?

i) হল্লা করে ii) শান্ত হয়ে iii) নীরব হয়ে iv) নৃত্য করে

গ) ঠাকুর বাড়ির দরজি কে ছিল?

i) যদু ভূষণ সেন ii) কিংকর রায় iii) নেয়ামত খলিফা iv) মোহিনী কর্মকার

ঘ) বৃষ্টি কাদের ভিজিয়ে দেয়?

i) ঘরমুখো গরু গুলিকে ii) ঘরমুখো মানুষ গুলিকে

iii) ঘরমুখো ঘোড়া গুলিকে iv) ঘরমুখো পায়রা গুলিকে

৭) নীচের অতি সংক্ষিপ্ত প্রশ্নগুলির পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও (যে কোনো চারটি) ১X৪=৪

ক) কঠোর হলে তিনি কাকে সাজা দিতে চান?

খ) সূর্য শশীর সভায় কী পাতা হয়েছে?

গ) কবির চোখেমুখে কী লেগেছে?

ঘ) ছোট রবির মনকে কে অধিকার করত?

ঙ) পাগলি মেয়ে কোথায় দাঁড়িয়ে ছিল?

৮) নীচের পাঠ্য ব্যাকরণগত প্রশ্নগুলির উত্তর দাও

ক) শব্দার্থ লিখো ১X২=২

নির্জন, দিবা

খ) বিপরীত শব্দ লিখো ১X২=২

বিশাল, সাজা

গ) পদান্তর করো ১X২=২

মলিন, রাজা

৯) নীচের ব্যাকরণগত প্রশ্নগুলির উত্তর দাও

ক) ণত্ববিধান কাকে বলে? উদাহরণ দাও। ২

খ) সন্ধি বিচ্ছেদ করো ১X২=২

দিগন্ত, সংগীত

গ) এক কথায় প্রকাশ করো ১X২=২

i) সমুদ্র পর্যন্ত

ii) ময়ূরের ডাক

১০) নীচের সংকেতগুলি পড়ে শিরোনাম ও নীতি কথা সহ একটি গল্প রচনা করো ৪

সংকেত: পুকুরের পাড়ে এক বৃদ্ধ বাঘ সোনার কাঁকন নিয়ে বসেছিল। পথিক দেখলেই সে সোনার কাঁকন নেবার জন্য ডাকত — পথিকরা সে ডাকে সাড়া দিত না — এক লোভী ব্রাহ্মণ কাঁকন নিতে গেল — বাঘ তাকে মেরে ফেলল।